# কাফ্রিখাল ইউনিয়ন এর সমাজ সেবা অফিসের সেবা সমূহ

**সমাজসেবা অধিদপ্তর** বাংলাদেশ সরকারের একটি অধিদপ্তর[১] যা দেশে কল্যাণমূলক ও সচেতনতামূলক কর্মসূচি চালায়। এর সদরদপ্তর বাংলাদেশের ঢাকায় অবস্থিত।

## ইতিহাস ও গঠন[

১৯৪৭ সালে দেশভাগের পর ঢাকায় বস্তি সমস্যা উদ্ভূত হয়। এ সমস্যার সমাধানে ১৯৫৫ সালে জাতিসংঘের পরামর্শে সমাজকল্যাণ কার্যক্রম শুরু হয়। তারই পরিপ্রেক্ষিতে ১৯৬১ সালে প্রতিষ্ঠিত হয় সমাজকল্যাণ পরিদপ্তর। পরবর্তীতে কার্যক্রমের পরিধি বিস্তৃতির কারণে ১৯৭৮ সালে এই পরিদপ্তরকে সরকারের একটি স্থায়ী জাতিগঠনমূলক বিভাগ হিসেবে উন্নীত করা হয় এবং ১৯৮৪ সালে একে সমাজসেবা অধিদফতর হিসেবে স্বীকৃতি দেওয়া হয়। ২০১২ সালের ৪ জুন বাংলাদেশ সরকার ২ জানুয়ারিকে সমাজসেবা দিবস হিসাবে ঘোষণা দেয়।[২]

## কার্যক্রম

সমাজসেবা অধিদফতর বর্তমানে ১০৩২টি কার্যালয়ের মাধ্যমে ৫৪টি কার্যক্রম পরিচালনা করছে।[৩] উল্লেখযোগ্য কার্যক্রমগুলো হচ্ছে:

- দারিদ্র নিরসন কার্যক্রম
- সামাজিক নিরাপত্তা কর্মসূচি
- প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি
- শিশু সুরক্ষামূলক কার্যক্রম
- সামাজিক অবক্ষয় প্রতিরোধ কার্যক্রম
- প্রতিবন্ধী ব্যক্তিদের কল্যাণ ও উন্নয়ন কর্মসূচি
- বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রম
- প্রতিবন্ধিতা সহায়ক সামগ্রী উৎপাদন কেন্দ্র
- সেবামূলক ও কমিউনিটি ক্ষমতায়ন কার্যক্রম
- পেশাগত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম

## কর্মসূচি সমূহ[

- ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগীর আর্থিক সহায়তা[৪]
- চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন[৫]
- অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি[৬]
- হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি[৭]
- প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি[৮]
- ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান[৯]
- বেদে জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি[১০]